

## মডেল উত্তরপত্র অনুযায়ী খাতা মূল্যায়ন কোচিং বন্ধ হচ্ছে, মাধ্যমিকে ১২ বই পরিমার্জন হবে

নিজস্ব প্রতিবেদক •

শিক্ষা আইনের খসড়ায় থাকা 'ছাধা শিক্ষা'র নামে কোচিং ও প্রাইভেট টিউশনির বৈধতার আয়োজন চলছিল। সমালোচনার মুখে সেখান থেকে সরে এসেছে শিক্ষা মন্ত্রণালয়। শিক্ষামন্ত্রী নুরুল ইসলাম নাহিদ বলেছেন, প্রস্তাবিত শিক্ষা আইনে নোট-গাইডের পাশাপাশি কোচিং বন্ধ হচ্ছে। নতুন আইনে এগুলো থাকবে না।

উল্লেখ্য, প্রচলিত আইনে নোট-গাইড নিষিদ্ধ থাকলেও বিকল্প হিসেবে অনুশীলন বই বা প্র্যাকটিস বই চলছে। এর আগে আইনের খসড়ায় এ ধরনের বই উল্লিখিত করে দেওয়ার কথা বলা হয়েছিল।

মাধ্যমিক শিক্ষার মানোন্নয়নে গতকাল বৃহস্পতিবার শিক্ষা মন্ত্রণালয়ে শিক্ষাবিদদের সঙ্গে অনুষ্ঠিত এক সভা শেষে শিক্ষামন্ত্রী নুরুল ইসলাম নাহিদ সংবাদ ব্রিফিংয়ে বক্তব্য দেন।

সভায় নব্বয় ও দশম শ্রেণির ১২টি পাঠ্যবই পরিমার্জন করে সহজ করার বিষয়ে সিদ্ধান্ত নেওয়া হয়েছে।



নুরুল ইসলাম নাহিদ

শিক্ষাবর্ষ থেকেই পরিমার্জিত বই শিক্ষার্থীদের হাতে দেওয়া হবে। ব্রিফিংয়ে জানানো হয়েছে, যেসব বই পরিমার্জিত হবে, সেগুলো হলো; বাংলা সাহিত্য, ইংলিশ ফর টুডে, বাংলাদেশ ও বিশ্বপরিচয়, বাংলাদেশ ও বিশ্বসভ্যতা, গণিত, উচ্চতর গণিত, সাধারণ বিজ্ঞান, পদার্থ, রসায়ন, জীববিজ্ঞান, হিসাববিজ্ঞান ও অর্থনীতি।

শিক্ষা মন্ত্রণালয়ের একজন উর্ধ্বতন কর্মকর্তা প্রথম আলোকে বলেন, বাংলা বিষয়ের পরিমার্জনে নেতৃত্ব দিচ্ছেন অধ্যক্ষ শ্যামলী নাসরীন চৌধুরী, ইংরেজি বিষয়ে শিক্ষাবিদ সৈয়দ মনজুরুল

ইসলাম, বাংলাদেশ ও বিশ্বপরিচয় বিষয়ে ঢাকা বিশ্ববিদ্যালয়ের সহ-উপাচার্য ড. আখতারুজ্জামান, বাংলাদেশ ও বিশ্বসভ্যতা বিষয়ে ঢাকা শিক্ষা বোর্ডের সাবেক চেয়ারম্যান অধ্যাপক তাসলিমা বেগম, গণিত, উচ্চতর গণিত, সাধারণ বিজ্ঞান, পদার্থ, রসায়ন, জীববিজ্ঞান—এই ছয় বিষয়ে পরিমার্জনের নেতৃত্ব আছেন শিক্ষাবিদ মুহাম্মদ জাফর ইকবাল ও মোহাম্মদ কায়কোবাদ। এ ছাড়া হিসাববিজ্ঞানে অধ্যাপক মিজানুর রহমান ও অর্থনীতি বিষয়ের পরিমার্জনের নেতৃত্ব দিচ্ছেন অধ্যাপক এম এম আকাশ। বইগুলো চার রঙা হবে।

জাফর ইকবাল বলেন, যেকোনো ধরনের গাইড, নোট ও কোচিং বন্ধ করতে হবে।

ব্রিফিংয়ে জানানো হয়, এখন থেকে এসএসসিসহ অন্যান্য পাবলিক পরীক্ষার খাতা মডেল উত্তরপত্র অনুযায়ী মূল্যায়ন করা হবে। পরীক্ষা শেষে পরীক্ষকেরা বোর্ড থেকে খাতা নেওয়ার সময় এই মডেল উত্তরপত্র পাবেন।